# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৬১

১/ বিবিধ

আরবী

النفقة كلها في سبيل الله إلا البناء؛ فلا خير فيه
ضعيف

أخرجه الترمذي (2/79) ، وابن أبي الدنيا في " قصر الأمل " (2/21/2) وابن مخلد العطار في جزء من " الأمالي " (98/2) وابن عدي (151/1) من طريقين عن زافر بن سليمان عن إسرائيل عن شبيب بن بشر عن أنس بن مالك مرفوعا، وقال الترمذي: هذا حديث غريب

قلت: يعني ضعيف، وذلك لأن شبيب بن بشر صدوق يخطىء، وزافر كثير الأوهام كما في " التقريب "، وأعله المناوي بعلة ثالثة وهي محمد بن حميد الرازي شيخ الترمذي، قال البخاري: فيه نظر، وكذبه أبو زرعة

قلت: لكن تابعه الحسن بن عرفة عند العطار وهو ثقة، فزالت الشبهة منه وانحصرت فيمن فوقه ممن ذكرنا، ثم قال المناوي

وبه يعرف ما في رمز المصنف (يعني السيوطي) لحسنه

قلت: وقد أشار المنذري في " الترغيب " (3/57) إلى ضعفه، وهو الصواب، ولكن يغني عنه قوله صلى الله عليه وسلم: " يؤجر الرجل في نفقته كلها إلا في التراب وهو مخرج في التعليق على " المشكاة " برقم (5182) التحقيق الثاني

বাংলা

১০৬১। বিল্ডিং তৈরি করা ব্যতীত সকল প্রকার খরচ হচ্ছে আল্লাহর পথে। তাতে (বিল্ডিংয়ে) কোন কল্যাণ নিহিত নেই।

হাদীসটি দুর্বল।

এটিকে তিরমিযী (২/৭৯), ইবনু আবিদ দুনিয়া “কাসরুল আমল” গ্রন্থে (২/২১/২), ইবনু মাখলাদ আল-আত্তার “আল-আমলী” গ্রন্থের (২/৯৮) এক অংশে, ইবনু আদী (১/১৫১) দুটি সূত্রে যাফের ইবনু সুলায়মান হতে, তিনি ইসরাঈল হতে, তিনি শাবীব ইবনু বিশর হতে, তিনি আনাস ইবনু মালেক (রাঃ) হতে মারফু’ হিসেবে বর্ণনা করেছেন।

তিরমিযী বলেনঃ হাদীসটি গারীব।

আমি (আলবানী) বলছিঃ তিনি এর দ্বারা বুঝিয়েছেন হাদীসটি দুর্বল। কারণ শাবীব ইবনু বিশর সত্যবাদী তবে ভুল করতেন আর যাফের বহু সন্দেহ প্রবণ ছিলেন যেমনটি “আত-তাকরীব” গ্রন্থে এসেছে।

মানবী তৃতীয় সমস্যা উল্লেখ করেছেন সেটি হচ্ছে ইমাম তিরমিযীর শাইখ মুহাম্মাদ ইবনু হুমায়েদ আর-রাযী। তার সম্পর্কে ইমাম বুখারী বলেনঃ তার ব্যাপারে বিরূপ মন্তব্য রয়েছে। তাকে আবু যুর’য়াহ মিথ্যুক আখ্যা দিয়েছেন।

আমি (আলবানী) বলছিঃ কিন্তু হাসান ইবনু আরাফাহ তার মুতাবা’য়াত করেছেন। তিনি নির্ভরযোগ্য। অতএব উপরের দুটি সমস্যাই বহাল থাকছে।

মুনযেরী “আত-তারগীব” গ্রন্থে (৩/৫৭) শুধুমাত্র দুর্বল হওয়ার দিকেই ইঙ্গিত করেছেন। সেটিই সঠিক।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71940

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন